গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ইএমআইএস সেল
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩১

তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল সাবমিট সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ ০১ জানুয়ারি ২০২৫ হতে EFT-তে প্রদান করা হচ্ছে এবং জুলাই-২০২৫ মাস পর্যন্ত সরাসরি শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে।
আগস্ট-২০২৫ মাস হতে এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাস ভিত্তিক এমপিওভুক্ত জনবলের Bill Submit করার ব্যবস্থা অনলাইনে যুক্ত করা হয়েছে। এক্ষেত্রে, প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে EMIS সিস্টেমের MPO-EFT মডিউলে লগ-ইন করে Bill Submit করতে হবে। এক্ষেত্রে, সংযুক্ত নির্দেশিকা অনুসারে তাঁর প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জন্য আলাদা আলাদাভাবে বিধিমোতাবেক প্রাপ্য এমপিও এর অর্থ সঠিকভাবে নির্ধারণ করে বিল সাবমিট করবেন। দাখিলকৃত বিলের একটি কপি ডাউনলোড করে প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের সভাপতি স্বাক্ষর করে নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে এমপিও এর অর্থ EFT-তে শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে।
প্রতিষ্ঠানের এমপিও তালিকায় বিদ্যমান শিক্ষক-কর্মচারীদের মধ্যে কেউ মৃত্যুবরণ বা পদত্যাগ করলে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট মাসে বিধিমোতাবেক তাঁর প্রাপ্যতা নির্ধারণ করে বিল সাবমিট করবেন। এছাড়া, সাময়িক বরখাস্ত, অনুমোদনহীন অনুপস্থিতি বা অন্য কোনো কারণে বিধিমোতাবেক কোনো শিক্ষক-কর্মচারীর আংশিক বা সম্পুর্ণ বেতন কর্তন/বন্ধ করার প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান Bill Submit অপশনে তা উল্লেখ করবেন। শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের দাখিলকৃত তথ্যই চুড়ান্ত হিসেবে বিবেচিত হবে। উদ্দেশ্য প্রণোদিতভাবে ভুল তথ্য প্রদানের কারণে কোনো শিক্ষক-কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরিত না হলে তার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে। উল্লেখ্য, প্রতি মাসে যথাসময়ে প্রতিষ্ঠান প্রধান অনলাইনে Bill Submit না করলে শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ করা হবে না। এমতাবস্থায়, আগামী ২৩/০৮/২০২৫ তারিখের মধ্যে আগস্ট-২০২৫ মাসের এমপিও এর বিল সাবমিট করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) EFT BILL SUBMIT MENUAL

২০-০৮-২০২৫
প্রফেসর বি. এম. আব্দুল হান্নান
পরিচালক (কলেজ ও প্রশাসন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল),, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ);।
২। সভাপতি, প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ,, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ);।

৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩১/1 (৬)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। আঞ্চলিক পরিচালক -(সকল অঞ্চল)।
৪। জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা।
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা);, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা);।
৬। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

২০-০৮-২০২৫
মোঃ হুমায়ুন কবীর
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) কর্মরত এমপিওভুক্ত জনবলের এমপিও এর অর্থ EFT-তে প্রদানের লক্ষ্যে বিল সাবমিট সংক্রান্ত

# নির্দেশিকা

আগস্ট-২০২৫ মাস হতে এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল সাবমিট করার ব্যবস্থা অনলাইনে সংযোজন করা হয়েছে। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সিস্টেমের MPO EFT মডিউলে লগ-ইন করলে নিম্নরূপ একটি পেজ পাবেন:





উপরের চিত্রে প্রতিষ্ঠান প্রধান Bill Submit অপশনে ক্লিক করে যে মাসের বিল সাবমিট করতে চান, সে অনুসারে অর্থ বছর (Fiscal Year), মাস, ধরন এবং প্রতিষ্ঠানের এমপিওকোড নির্বাচন করবেন। সঠিকভাবে উপরোক্ত তথ্য নির্বাচন করলে নির্বাচিত এমপিও কোডের অনুকূলে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্য নিম্নরূপ লোড হবে:



| বিস্তারিত | ক্র.নং | অবস্থা | এমপিও ইনডেক্স | পিডিএস আইডি | নাম | এনআইডি | পদবি | বিষয় | জন্ম তারিখ | ব্যাংক হিসাবের নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | Draft Save | N56804518 | | SHARMIN AKTER | | ASSISTANT TEACHER | LIBRARY AND INFORMATION SCIENCE | 25-Dec-1985 | 0100002480919 |
| | 2 | | N56883830 | | Subrato Mia | | LECTURER | STATISTICS | 11-Jan-1992 | 0200021302007 |
| | 3 | | N56883899 | | Mirza Md. Sanaullah | | LECTURER | INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY (ICT) | 28-Feb-1995 | 0200021282562 |
| | 4 | | N56883915 | | Mst. Farhana Khatun | | LECTURER | PSYCHOLOGY | 15-Sep-1995 | 0200021306257 |
| | 5 | | D618918 | | AMAR CHANDRA SARKER | | 4TH CLASS EMPLOYEE | N/A (NOT APPLICABLE) | 16-Feb-1970 | 0 |
| | 6 | | D835174 | | TAWHIDA HOSSAIN | | LIBRARY LECTURER | N/A (NOT APPLICABLE) | 11-Feb-1973 | T34090239 |
| | 7 | | D615923 | | MD ABUL HOSSAN | | 4TH CLASS EMPLOYEE | N/A (NOT APPLICABLE) | 10-Dec-1975 | 0 |
| | 8 | | D839111 | | MAHEDI HASSAN | | 4TH CLASS EMPLOYEE | N/A (NOT APPLICABLE) | 01-Jan-1982 | 34090263 |
| | 9 | | D839109 | | FARHANA BEGUM | | ASSISTANT PROFESSOR | MARKETING | 30-Jun-1976 | 34090115 |
| | 10 | | N3085561 | | SHABNAM ZAHAN | | LECTURER | POLITICAL SCIENCE | 01-Jan-1980 | 34129623 |


Download | Submit

উপরোক্ত তালিকায় প্রদর্শিত প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জন্য বিল সাবমিট করতে হবে। সেক্ষেত্রে তালিকার শিক্ষক-কর্মচারীর নামের বাম পাশে বিস্তারিত কলামের চিহ্নে ক্লিক করলে ঐ শিক্ষকের বিস্তারিত তথ্য নিম্নরূপ প্রদর্শিত হবে:



চিত্রের উপরের অংশে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর নাম, পদবি, বিষয়, জন্ম তারিখ, বর্তমান মূল বেতনসহ ব্যাংকের তথ্য প্রদর্শিত হবে। চিত্রের নিচের "**বিদ্যমান**" অংশে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর ঐ মাসের এমপিও এর বিভিন্ন খাতে বরাদ্দকৃত পূর্ণ মাসের টাকার হিসাব প্রদর্শিত হবে। সেখান থেকে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট জনবলের বিধিমোতাবেক প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারন করবেন:




- "**অর্থপ্রদানের অবস্থা**" অংশে "**সম্পুর্ণ পেমেন্ট**" অপশন সিলেক্ট করলে "**বিদ্যমান**" অংশের টাকার হিসাব "**দাবিকৃত**" অংশে স্থানান্তরিত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী পূর্ণ মাসের এমপিও এর অর্থ প্রাপ্য হবেন মর্মে বিবেচিত হবেন।

- "**অর্থপ্রদানের অবস্থা**" অংশে "**পেমেন্ট নেই**" অপশন সিলেক্ট করলে "**দাবিকৃত**" অংশে টাকার হিসাব ০ (শুণ্য) প্রদর্শিত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ঐ মাসে এমপিও এর কোনো অর্থ প্রাপ্য হবেন **না** মর্মে বিবেচিত হব্েন।

- "**অর্থপ্রদানের অবস্থা**" অংশে "**আংশিক পেমেন্ট**" সিলেক্ট করলে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ঐ মাসের "**বিদ্যমান**" অংশে প্রদর্শিত টাকার পরিমান কমাতে পারবেন। সেক্ষেত্রে "**মন্তব্য**" অপশনে আংশিক পেমেন্ট প্রদানের কারণ নির্বাচন করতে হবে।

  ক) "**মন্তব্য**" অপশনে "**পদত্যাগ**", "**মৃত**" বা "**স্থগিত**" অপশন সিলেক্ট করলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ঐ মাসে বিধিমোতাবেক কতদিনের বেতন পাবেন তা "**প্রাপ্য দিনের সংখ্যা**" অপশনে উল্লেখ করা যাবে। উল্লেখ্য যে, প্রাপ্ত দিনের সংখ্যার স্থলে সংশ্লিষ্ট মাসের মোট দিনের সংখ্যা প্রদর্শিত হবে। "**মন্তব্য**" অপশনে শুধুমাত্র "**পদত্যাগ**", "**মৃত**" বা "**স্থগিত**" অপশন সিলেক্ট করলে দিনের সংখ্যা পরিমার্জন (Edit) করা যাবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত দিনের সংখ্যা অনুসারে এমপিও এর অর্থের হিসাব "**দাবিকৃত**" অংশে প্রদর্শিত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীকে EFT-তে সেই পরিমান অর্থ প্রেরণ করা হবে।

  খ) "**মন্তব্য**" অপশনে "**সাময়িক বরখাস্ত**" সিলেক্ট করলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ঐ মাসে বিধিমোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন এবং "**দাবিকৃত**" অংশে তা প্রদর্শিত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী EFT-তে খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

তবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা থেকে প্রতিষ্ঠানের আবেদন বা অন্য কোনো কারণে খোরপোষ ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলে অনলাইন Bill Submit অপশনে "**বিদ্যমান**" অংশে পূর্ণ বেতন প্রদর্শিত না হয়ে প্রাপ্য খোরপোষ ভাতা প্রদর্শিত হবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠান থেকে "**সম্পুর্ণ পেমেন্ট**" অপশন সিলেক্ট করলেও তিনি "**বিদ্যমান**" অংশে প্রদর্শিত খোরপোষ ভাতা EFT-তে প্রাপ্ত হবেন। এ ধরনের জনবলের জন্য আলাদাভাবে আংশিক পেমেন্ট অপশন সিলেক্ট করার প্রয়োজন নেই।

বিধিমোতাবেক কোনো শিক্ষক-কর্মচারীর প্রাপ্য বকেয়া অনলাইনে বা সংশ্লিষ্ট শাখা থেকে অনুমোদিত হলে "**বিদ্যমান**" এবং "**দাবিকৃত**" অংশে তা প্রদর্শিত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী ঐ মাসের এমপিও এর অর্থের সাথে সেই বকেয়া EFT-তে পাবেন।

এভাবে প্রত্যেক শিক্ষক-কর্মচারীর জন্য বিধিমোতাবেক প্রাপ্য এমপিও এর অর্থ Bill Submit অপশনে নির্ধারণ করে আলাদা আলাদাভাবে সেভ করতে হবে। **যে সকল এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী প্রতিষ্ঠানে কর্মরত আছেন, কিন্তু EFT এর তথ্য ভুল থাকার কারণে বা আপডেট না থাকার কারণে এমপিও এর অর্থ পাচ্ছেন না, তাদের জন্যও বিধিমোতাবেক Bill Submit করতে হবে। EFT এর তথ্য সংশোধন হওয়া সাপেক্ষে তাদের ব্যাংক হিসাবে এমপিও এর অর্থ প্রেরণ করা হবে।**

প্রতিষ্ঠানের এমপিও তালিকায় প্রদর্শিত সকল জনবলের Bill Submit অপশনের তথ্য সেভ করার পর প্রতিষ্ঠান প্রধান পরবর্তী কর্যক্রমের জন্য Submit করবেন এবং একটি কপি Download করে যথাস্থানে তাঁর এবং প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের সভাপতির স্বাক্ষর করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

- ⇨ **কোনো প্রতিষ্ঠানে একাধিক এমপিও কোড থাকলে প্রত্যেক এমপিও কোডের জন্য আলাদাভাবে Bill Submit করতে হবে।**
- ⇨ প্রতি মাসে যথাসময়ে প্রতিষ্ঠান প্রধান অনলাইনে Bill Submit না করলে শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ করা হবে না।

★ কারিগরি সহায়তার জন্য সমস্যার বিস্তারিত লিখে ই-মেইল করুন- teacher.mpo@gmail.com মেইলে।★

★ পাসওয়ার্ড সংক্রান্ত সমস্যা হলে সংশ্লিষ্ট অঞ্চলের প্রোগ্রামার এর নিকট আবেদন করে নতুন পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে।★